

কেসস্টাডি

নবম শ্রেণী

ছেলে যদি মানুষ করিতে চাই তবে ছেলেবেলা হইতেই তাহাকে মানুষ করিতে আরম্ভ করিতে হইবে। নতুবা সে ছেলেই থাকিবে, মানুষ হইবে না। শিশুকাল হইতেই কেবল স্মরণশক্তির ওপর সমস্ত ভার না দিয়া সঙ্গে সঙ্গে যথা পরিমাণে চিন্তাশক্তি ও কল্পনা শক্তির স্বাধীন পরিচালনার অবসর দিতে হইবে, সকাল হইতে সন্ধ্যা পর্যন্ত কেবলই লাঙ্গল দিয়া চাষ এবং মই দিয়া ঢেলা ভাঙ্গা, কেবলই ঠেঙালাঠি মুখস্ত এবং একজামিন আমাদের এই 'মানবজমিন' আবাদের পক্ষে, আমাদের এই দুর্লভ ক্ষেত্রে সোনা ফলাইবার পক্ষে যথেষ্ট নয়। এই শুষ্ক ধূলির সঙ্গে এই অবিশ্রাম কর্ষণ পীড়নের সঙ্গে রস থাকা চাই। কারণ মাটি যত সরস থাকে ধান তত ভালো হয়। তাহার উপর আবার এক একটা বিশেষ সময় আসে যখন ধান্য ক্ষেত্রের পক্ষে বৃষ্টি বিশেষ রূপে আবশ্যিক সেই সময়টি অতিক্রম হইয়া গেলে হাজার বৃষ্টি হইলেও আর তেমন সুফল ফলে না। বয়োবিকাশেরও তেমনি একটা বিশেষ সময় আছে যখন জীবন্ত ভাব এবং নবীন কল্পনা সকল জীবনের পরিণতি এবং সরসত সাধনের পক্ষে অত্যাবশ্যিক, ঠিক সেই সময়টিতে যদি সাহিত্যের আকাশ হইতে খুব এক পশলা বর্ষণ হইয়া যায় তবে "ধন্য রাজার পুণ্য দেশ"। আমাদের নীরস শিক্ষায় জীবনের মাহেন্দ্রক্ষণ অতীত হইয়া যায়। আমরা বাল্য হইতে কৈশোর এবং কৈশোর হইতে যৌবনে প্রবেশ করি কেবল কতগুলো কথার বোঝা টানিয়া, সরস্বতী সাম্রাজ্যের কেবলমাত্র মজুরি করিয়া মরি, পৃষ্ঠের মেরুদন্ড বাঁকিয়া যায় এবং মনুষ্যত্বের সর্বাঙ্গীণ বিকাশ হয় না। যখন ইংরেজি ভাব রাজ্যের মধ্যে প্রবেশ করি তখন আর সেখানে অন্তরঙ্গের মতো বিহার করিতে পারি না। যদি বা ভাবগুলো এক রূপ বৃষ্টিতে পারি, কিন্তু সেগুলোকে মর্মস্থলে আকর্ষণ করিয়া লইতে পারি না, বক্তৃতায় এবং লেখায় ব্যবহার করি কিন্তু জীবনের কার্যে পরিণত করিতে পারি না।

১. 'মানবজমিন' শব্দটির অর্থ:

মানুষের জমি /মানুষের জন্য তৈরি জমি/ মানুষের কেনা জমি /মানব রূপ জমি

২. নীরস শিক্ষা বলতে বোঝানো হয় সেই রূপ শিক্ষা যেখানে শিক্ষার্থীরা:

শিক্ষা লাভের পাশাপাশি রস গ্রহণ করে /রসহীন শিক্ষা লাভ করে/ শিক্ষা ও জ্ঞান গ্রহণ করে/

সর্বাঙ্গীণ বিকাশ লাভ করে

৩. যৌবন প্রবেশ করে ইংরেজি শিক্ষা লাভ করার পর যে ফল হয় তা হল:

ইংরেজি ভাষা মর্মস্থলে প্রবেশ করে /জীবনের কার্যে প্রতিনিয়ত ব্যবহার করার দক্ষতা জন্মায়/ বক্তৃতা এবং লেখায় ব্যবহার করা হয় কিন্তু জীবনের কার্যে ব্যবহৃত হয় / মর্মস্থলে প্রবেশ করে না।

৪. রবীন্দ্রনাথের কোন গল্পে গতানুগতিক শিক্ষা ব্যবস্থার মর্মান্তিক পরিণতি তোমরা পড়েছ?

৫.. কোন সময় হতে ছেলেকে মানুষ করে তুলতে হবে?

৬. কোন ধরনের শিক্ষার প্রতি লেখক আগ্রহ প্রকাশ পেয়েছে?